# উপজেলা পরিষদ
ফেঞ্চুগঞ্জ, সিলেট

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

## উপজেলা পরিষদের সেপ্টেম্বর ২০২২ মাসের সভার কার্যবিবরণী

উপদেষ্টা ঃ **জনাব হাবিবুর রহমান**
মাননীয় সংসদ সদস্য, ২৩১, সিলেট-৩

সভাপতি ঃ **জনাব মোঃ নুরুল ইসলাম**
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট

সভার স্থান ঃ উপজেলা পরিষদের সভাকক্ষ, ফেঞ্চুগঞ্জ, সিলেট

সভার তারিখ ও সময় ঃ ০৮-০৯-২০২২ খ্রি. সকাল: ১১.৩০ মিনিট

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দের তালিকা ঃ পরিশিষ্ট- 'ক'

অদ্যকার সভার সভাপতি সভায় উপস্থিত সকল সদস্য ও কর্মকর্তাবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন।

**আলোচ্য বিষয় অনুযায়ী/ বিভাগওয়ারী আলোচনা, সিদ্ধান্ত এবং বাস্তবায়ন নিম্নরূপঃ**

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ | উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দ জানান যে, আগস্ট/২০২২ মাসের সভার কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ হয়েছে কোন আপত্তি/সংশোধন নেই। | কোন আপত্তি/সংশোধন না থাকায় বিগত আগস্ট ২০২২ সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয় | মুখ্য নির্বাহী কর্মকর্তা ফেঞ্চুগঞ্জ |
| ০২ | উপজেলার কমিটিসমূহের সুপারিশ | উপজেলা পরিষদে গঠিত স্থায়ী কমিটিসমূহের নিয়মিত সভা আহ্বানের বিষয়ে আলোচনা হয়। | উপজেলা পরিষদে গঠিত স্থায়ী কমিটিসমূহের নিয়মিত সভা অনুষ্ঠান ও সভার কার্যবিবরণী যথানিয়মে সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। | সভাপতি ও সদস্য সচিব সংশ্লিষ্ট সকল স্থায়ী কমিটি |
| ০৩ | সকল দপ্তরের সর্বশেষ সার্কুলার উপস্থাপন ও পর্যালোচনা | মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক বিভিন্ন দপ্তরে প্রেরিত সার্কুলার উপজেলা পরিষদ সভায় অবহিত করার বিষয়ে আলোচনা হয়। | বিভিন্ন দপ্তরে প্রেরিত মন্ত্রণালয়/বিভাগীয় সর্বশেষ সার্কুলার উপজেলা পরিষদের সভায় নিয়মিত উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট সকল দপ্তর |
| ০৪ | স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারের প্রতিনিধি দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার |
| ০৫ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিকল্পনা অফিসারের প্রতিনিধি জনাব মোঃ আব্দুল মুকিত সভায় জানান পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীর হার আগস্ট/২২ পর্যন্ত ৭৪.১৪% উন্নীত হয়েছে। মাইজগাঁও ইউনিয়ন স্বাস্থ্য ও সেবা সম্পন্ন করা হয়েছে। কেন্দ্রটিকে মডেল কেন্দ্রে উন্নীত করার প্রশিক্ষণ অব্যাহত আছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ০৬ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় উপস্থিত না থাকায় সভায় আলোচনা করা হয়নি। | সভায় নিয়মতি উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ০৭ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ অফিসারের প্রতিনিধি ডা. জামিল আহমেদ, প্রাণি সম্পদ সম্প্রসারণ কর্মকর্তা সভায় জানান দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার |

চলমানপাত-০২

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার সভায় জানান চলতি ২০২২-২০২৩ অর্থ বছরে রাজস্ব খাতে পোনামাছ অবমুক্তি কার্যক্রম বাস্তবায়নের জন্য অত্র উপজেলায় ১,৭০,০০০/-(এক লক্ষ সত্তর হাজার) টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা মৎস্য অফিসার |
| ০৯ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তয়বায়ন কর্মকর্তা সভায় না থাকায় কোন আলোচনা করা হয়নি। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১০ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভাকে জানান, ফেঞ্চুগঞ্জ, সিলেট এর আওতায় প্রতিবন্ধী ব্যক্তিদের শতভাগ ভাতা আওতায় নিশ্চিত করার জন্য সমাজসেবা অফিস কাজ করে যাচ্ছে। যদি কোন ওয়ার্ড বা ইউনিয়নে প্রতিবন্ধী ব্যক্তি থেকে যায় তবে তাদেরকে উপজেলা সমাজসেবা কার্যালয়ের গঠনের জন্য প্রত্যেক ইউনিয়ন চেয়ারম্যানগণ ও সদস্যদের সহযোগিতা কামনা করেন। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ফেঞ্চুগঞ্জ উপজেলায় একজনও যাতে বাধ না পড়ে দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ১১ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান নিয়মিত অনলাইনে বিদ্যালয়সমূহ পরিদর্শন করা হচ্ছে। বিদ্যালয় ম্যানেজিং কমিটি গঠন চলমান রয়েছে। বিদ্যালয়ের বিল্ডিং এর কাজ ধীর গতিতে চলছে। বিদ্যালয়সমূহ হচ্ছে চন্দ্রী প্রসাদ মন্ডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়, খিলপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, হাজী আলম রাজা সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং গোলাপ শাহ সরকারি প্রাথমিক বিদ্যালয়। উক্ত বিদ্যালয়সমুহের কাজ দ্রুত শেষ করাজ জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | চন্দ্রী প্রসাদ, খিলপাড়া, হাজী আলম রাজা এবং গোলাপ শাহ সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোর কাজ অতিদ্রুত শেষ করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা প্রকৌশলী এবং সংশ্লিষ্ট ঠিকাদারগণ |
| ১২ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক অফিসারের প্রতিনিধি সভায় জানান জুলাই মাসে ভিজিডি খাদ্য শস্যের বরাদ্দ ছিল না তবে আগস্ট/২২ মাসে বরাদ্দ আসায় এ মাসে জুলাই/২২ ও আগস্ট/২২, ২(দুই)মাসে ভিজিডি খাদ্য শস্যের ডিও একসাথে দেওয়া হয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | দাপ্তরিক চলমাম কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার |
| ১৩ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান চলমান মাস থেকে প্রাতিষ্ঠানিক বিভিন্ন ট্রেড্রে প্রশিক্ষণ কার্যক্রম শুরু হবে। বিভিন্ন ইউনিয়নের ১৮-৩৫ বৎসর বয়সী বেকার যুবক যুব মহিলারা এই আয়-বর্ধনমূলক প্রশিক্ষনে অংশগ্রহণ করে আত্নতর্মী হিসাবে গড়ে উঠতে পারে। তিনি আরোও বলেন অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| ১৪ | জনস্বাস্থ্য বিভাগ | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান স্থানীয় সরকার বিভাগ হতে গত ০৪/০৯/২০২২ তারিখে ৪৬.০০.০০০০.০৪৫.০৮.০০৮.১১-৬৬০স্মারকে উপজেলা সদরে বর্জ্য অপসারণ সংক্রান্ত কার্যক্রম উপজেলা পরিষদের ''জনস্বাস্থ্য স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ' কমিটিতে অর্ন্তভূক্ত করার নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়া তিনি নিম্নে চলমান কাজের বিবরণ তুলে ধরেন:<br>১। ''সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ" (৩য় পর্যায়ের) আওতায় বরাদ্দকৃত ১৩০টি মধ্যে ১৪টি নলকূপ স্থাপন করা হয়েছে। অবশিষ্ট কাজ চলমান<br>২। হাওর অঞ্চলে টেকসই পানি সরবরাহ, স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্প' (২য় পর্যায়) এর আওতায় বরাদ্দকৃত ৭৯টি নলকূপ এর মধ্যে ২০টি নলকূপ স্থাপন কাজ সম্পন্ন করা হয়েছে। অবশিষ্ট কাজ চলমান<br>৩। ''হাওর অঞ্চলে টেকসই পানি সরবরাহ, স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্প''এর আওতায় বরাদ্দকৃত ১৫টি ইম্প্রুভড ল্যাট্রিন এর মধ্যে ৮টির নির্মাণ কাজ চলমান। এছাড়া স্বাস্থ্যবিধি মেনে দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্থানীয় সরকার বিভাগের সিদ্ধান্ত মোতাবেক উপজেলা সদরে বর্জ্য অপসারণ সংক্রান্ত কার্যক্রম উপজেলা পরিষদের ''জনস্বাস্থ্য স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ' কমিটিতে অর্ন্তভূক্ত করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীতদ হয়। এবং দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |

চলমানপাতা -০৩

<table>
<tr>
<td>১৫</td>
<td>উপজেলা প্রকৌশলী বিভাগ</td>
<td>উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা -২শাখা হতে গত ০১ আগস্ট ২০২২খ্রি. তারিখে ৪৬.০০.০০০০.০৪৫.০৩২.১৯-৬১৪নং স্মারকমূলে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে ০১-০৫(পাঁচ)টি স্কীম বাস্তবায়নের অনুমোদন পাওয়া গেছে এবং ০২ দুটি প্রকল্প অনুমোদনের সভায় উত্থাপন করেন।
<table>
<tr><th>ক্র:নং</th><th>স্কীমের নাম</th><th>প্রাক্কলিত মূল্য</th></tr>
<tr><td>০১</td><td>উপজেলা পরিষদের প্রশাসনিক ভবনের সভাকক্ষ ইন্টোরিয়রকরন।</td><td>৪,৯৫,০০০/-</td></tr>
<tr><td>০২</td><td>উপজেলা চেয়ারম্যানের অফিস কক্ষ ইন্টোরিয়রকরন।</td><td>৪,৯১,০০০/-</td></tr>
<tr><td>০৩</td><td>উপজেলা নির্বাহী অফিসারের কক্ষ ইন্টোরিয়রকরন।</td><td>৪,৯২,৩০০/-</td></tr>
<tr><td>০৪</td><td>উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষে আসবাবপত্র সরবারহ।</td><td>২,৯৯,৯২৫/-</td></tr>
<tr><td>০৫</td><td>উপজেলা পরিষদের প্রশাসনিক ভবনের সভাককক্ষে আসবাবপত্র সরবরাহ।</td><td>২,৯৩,৮০০/-</td></tr>
<tr><td>০৬</td><td>উপজেলা গেজেটেড কোয়ার্টার এর সামনে সিসি ঢালাই এবং পার্কিং টাইলস্ ধারা মেরামত</td><td>২,০০,০০০/-</td></tr>
<tr><td>০৭</td><td>উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের সামনে সিসি ঢালাই এর সামনে সিসি ঢালাই এবং পার্কিং টাইলস্ ধারা মেরামত</td><td>২,০০,০০০/-</td></tr>
</table>
এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td>
<td>স্থানীয় সরকার বিভাগের অনুমোদিত ০১-০৫ পর্যন্ত স্কীমসমূহ বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনী ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।<br><br>ক্রমিক নং ০৬-০৭ পর্যন্ত স্কীমসমূহ উপজেলা রাজস্ব তহবিল হতে পিআইসি কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা কৌশলী ফেঞ্চুগঞ্জ, সিলেট<br><br>চেয়ারম্যান উপজেলা পরিষদ, মুখ্য নির্বাহী কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ ও উপজেলা কৌশলী ফেঞ্চুগঞ্জ, সিলেট</td>
</tr>
<tr>
<td>১৬</td>
<td>মাধ্যমিক শিক্ষা বিভাগ</td>
<td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, জাতীয় শিক্ষা সপ্তাহ ও সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা ২০২২ এর পুরস্কার বিতরণ অনুষ্ঠান বিগত ০৬/০৯/২০২২খ্রি. উপজেলা পরিষদ, হলরুমে সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। এছাড়া দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td>
<td>দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।</td>
<td>উপজেলা শিক্ষা অফিসার</td>
</tr>
<tr>
<td>১৭</td>
<td>বিআর ডিবি বিভাগ</td>
<td>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা হয়নি।</td>
<td>সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td>
<td>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার</td>
</tr>
<tr>
<td>১৮</td>
<td>সমবায় বিভাগ</td>
<td>উপজেলা সমবায় অফিসার সভায় জানান দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td>
<td>দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।</td>
<td>উপজেলা সমবায় অফিসার</td>
</tr>
<tr>
<td>১৯</td>
<td>বন বিভাগ</td>
<td>ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারি সভায় উপস্থিত না থাকায় কোন আলোচনা করা হয়নি।</td>
<td>সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td>
<td>উপজেলা ভারপ্রাপ্ত নার্সারী কর্মকর্তা</td>
</tr>
<tr>
<td>২০</td>
<td>পল্লী সঞ্চয় ব্যাংক</td>
<td>পল্লী সঞ্চয় ব্যাংক, ফেঞ্চুগঞ্জ শাখা ব্যবস্থাপক সভায় জানান দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td>
<td>দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ জানানো হয়।</td>
<td>সমন্বয়কারী পল্লী সঞ্চয় ব্যাংক</td>
</tr>
<tr>
<td>২১</td>
<td>খাদ্য বিভাগ</td>
<td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় সভায় উপস্থিত না থাকায় কোন আলোচনা করা হয়নি।</td>
<td>সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td>
<td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ফেঞ্চুগঞ্জ, সিলেট</td>
</tr>
<tr>
<td>২২</td>
<td>পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন</td>
<td>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা জানান দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td>
<td>দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ জানানো হয়।</td>
<td>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন</td>
</tr>
<tr>
<td>২৩</td>
<td>তথ্য আপা</td>
<td>তথ্য আপা প্রকল্প, ফেঞ্চুগঞ্জ সিলেট সভায় জানান দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td>
<td>দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ জানানো হয়</td>
<td></td>
</tr>
</table>

চলমানপাতা -০৪

| | | | | |
|---|---|---|---|---|
| ২৪ | বিবিধ-০১ | **ক) সম্মানী ভাতা সংক্রান্তঃ** চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ এর সেপ্টেম্বর ২০২২ মাসের সম্মানী ভাতা ও বাসা ভাড়া বাবদ ৪৫,০০০/-, উপজেলা ভাইস চেয়ারম্যান সেপ্টেম্বর ২০২২ মাসের সম্মানী ভাতা বাবদ ২৭,০০০/- উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানের সেপ্টেম্বর ২০২২ মাসের সম্মানী ভাতা মাসের সম্মানী ভাতা বাবদ ২৭,০০০/-<br><br>**খ) মালী ও সুইপার দৈনিক ভিত্তিতে মজুরি প্রদানঃ** উপজেলা পরিষদের একজন মালী ৫৫০/-টাকা হারে সেপ্টেম্বর ২০২২ মাসের ২৭দিনের মজুরী বাবদ ১৪,৮৫০/- এবং একজন সুইপারের ৫৫০/- টাকা হারে সেপ্টেম্বর ২০২২ মাসের ২৭দিনের মজুরী বাবদ ১৪,৮৫০/- প্রদানের জন্য সভায় আলোচনা করা হয়। | উপজেলা রাজস্ব তহবিল হতে সম্মানী ভাতা বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>উপজেলা রাজস্ব তহবিল হতে দৈনিক ভিত্তিতে মজুরি বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| | বিবিধ-০২ | **ক) আপ্যায়ন বিল সংক্রান্তঃ** সেপ্টেম্বর ২০২২ মাসের উপজেলা পরিষদ সভা, উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যানগণ এবং উপজেলা নির্বাহী অফিসারের সভাসহ অন্যান্য সভার আপ্যায়ন বিল বাবদ ৩০,০০০/- (ত্রিশ হাজার) ব্যয় করার জন্য আলোচনা করা হয় এবং ভাইস চেয়ারম্যাগণের সভাপতিত্বে গঠিত ১৭(সতের)টি কমিটির সভার জন্য মাসিক ৮,০০০/-(আট হাজার) ব্যয় করার জন্য আলোচনা করা হয়।<br><br>**খ) আনুষাঙ্গিক ব্যয় সংক্রান্তঃ** উপজেলা পরিষদের অফিস সামগ্রী স্টেশনারী ও আনুষাঙ্গিক সেপ্টেম্বর ২০২২ মাসের ব্যয় বাবদ ৫,০০০/- করার জন্য সভায় আলোচনা করা হয়।<br><br>**গ) পল্লী বিদ্যুৎ বিল পরিশোধ সংক্রান্তঃ** অদ্যকার সভাপতি ও চেয়ারম্যান উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট সভাকে জানান যে, পল্লী বিদুৎ অফিস হতে উপজেলা পরিষদ ও রাস্তার বাতি এর বকেয়া বিদুৎ বিল পরিশোধের জন্য বিল দাখিল করা হয়েছে। উক্ত বিদুৎ বিলগুলো হলোঃ<br>১। হিসাব নং ৫০১-২১৬০ এর অনুকূলে জুলাই ও আগস্ট ২০২২ বকেয়াসহ দুই মাসের ৬,১৫০/-<br>২। হিসাব নং ঃ ৬০৫-৬৯২০ এর অনুকূলে জুলাই ২০২২ মাসের ৬০০/- উক্ত বিদ্যুৎ বিল পরিশোধ করার জন্য সভায় আলোচনা করেন। | সভার আলোচনান্তে উক্ত বিল উপজেলা রাজস্ব তহবিল হতে আপ্যায়ন বিল বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>উপজেলা পরিষদের অফিস সামগ্রী স্টেশনারী উপজেলা রাজস্ব তহবিল হতে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>সভায় আলোচনান্তে উক্ত দুটি হিসাবের পল্লী বিদ্যুৎ বিল বাবদ (৬,১৫০+৬০০) = ৬,৭৫০/- (ছয় হাজার সাতশত পঞ্চাশ) টাকার বিল উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| | বিবিধ-০৩ | **ক) উপজেলা নন ভবন-১ গেজেটেড কোয়ার্টার বাসা মেরামত ও রং করণঃ** উপজেলা প্রকৌশলী সভায় জানান জনাব শাওন চন্দ্র বসাক, সার্ভেয়ার, এলজিইডি, ফেঞ্চুগঞ্জ, সিলেট নামীয় বরাদ্দকৃত উপজেলা পরিষদের উপজেলা পরিষদের নন গেজেটেড ভবন-১ ডি ব্লক বাসায় পানি সরবরাহের মটর, পাইপ লাইন এবং সেপটি টেংকি ক্রয় ও মজুরী বাবদ সর্বমোট ২০,১৯০/-(বিশ হাজার একশত নব্বই) টাকার বিল পরিশোধের জন্য আবেদন করেছেন। দাখিলকৃত বিল উক্ত সভায় আলোচনা করা হলে উক্ত বিল পরিশোধের জন্য সভায় সবাই একমত পোষন করেন।<br><br>**খ) উপজেলা পরিষদের সভাকক্ষে ব্যানার স্ট্যান্ড ও টেবিল ক্লথ সংক্রান্তঃ** উপজেলা প্রকৌশলী সভায় জানান উপজেলা পরিষদের সভাকক্ষের জন্য ব্যানার স্ট্যান্ড ও টেবিল ক্লথ ক্রয় করা হয়। ব্যানার স্ট্যান্ড ও টেবিল ক্লথ ক্রয়ের বিল বাবদ জনাব বিপুল চন্দ্র দাস, ওয়ার্কসপ ইঞ্জিনিয়ার, পশ্চিমবাজার, ফেঞ্চুগঞ্জ, সিলেট কর্তৃক ২১,২৪০/-(একুশ হাজার দুইশত একুশ টাকার বিল পরিশোধের জন্য আবেদন করেন। দাখিলকৃত বিল সভায় আলোচানা করলে উক্ত বিল পরিশোধের জন্য সভায় সবাই একমত পোষন করেন।<br><br>**গ) উপজেলা পর্যায়ে সামাজিক-সম্প্রীতি সমাবেশ আয়োজনের ব্যয় সংক্রান্তঃ** উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান স্থানীয় সরকার বিভাগ, প্রশাসন-১শাখা হতে ০৪/০৯/২০২২ তারিখে ৪৬.০০.০০০০.০৩৯.০১৮.০০৯.২০২২-৯৯৮নং স্মারকমূলে উপজেলা পর্যায়ে সামাজিক-সম্প্রীতি সমাবেশ কমিটিসমূহের কার্যসম্পাদনকল্পে নিজস্ব রাজস্ব হতে ব্যয় করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক সামাজিক-সম্প্রীতি সমাবেশ সুষ্ঠু ও সুন্দরভাবে আয়োজনের লক্ষ্যে ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা বরাদ্দ প্রদানের জন্য সভায় আলোচনা করেন। সভায় আলোচনান্তে সামাজিক-সম্প্রীতি সমাবেশ সুষ্ঠু ও সুন্দরভাবে আয়োজনের জন্য সভায় সবাই একমত পোষন করেন। | ক ও খনং বিল পরিশোধের নিমিত্তে উপজেলা রাজস্ব তহবিল হতে আবেদনকারীর নামে চেক প্রদানের জন্য সভায় সর্বস্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা মোতাবেক সামাজিক-সম্প্রীতি সমাবেশ আয়োজনের ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার জন্য সভায় সর্বস্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |

| | | | | |
|---|---|---|---|---|
| | বিবিধ-০৪ | **জীপ গাড়ির জ্বালানী বিল প্রদানঃ** উপজেলা চেয়ারম্যানের ব্যবহৃত জীপ গাড়ির জ্বালানী বিল বাবদ জুলাই ২০২২ মাসের ১১,৫৬১/- ও আগস্ট২০২২ মাসের জ্বালানী বিল বাবদ ১৬,৩০৪/- সর্বমোট জ্বালানী বিল বাবদ (১১,৫৬১+১৬,৩০৪)= ২৭,৮৬৫/-(সাতাশ হাজার আটশত পঁয়ষট্টি) টাকা বিল পরিশোধ করার জন্য সভায় আলোচনা করেন। | সভায় আলোচনান্তে জ্বালানী বিল উপজেলা রাজস্ব তহবিল হতে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |

**সভাপতির সমাপনী বক্তব্য** ঃ অদ্যকার সভায় উপজেলা নির্বাহী অফিসার, ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান, ইউ.পি চেয়ারম্যান, সদস্যবৃন্দ ও উপজেলা পর্যায়ের সকল বিভাগীয় কর্মকর্তাদের ধন্যবাদ জানান। তিনি পর্যায়ক্রমে প্রত্যেক দপ্তরের কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে খোঁজ-খবর নেন এবং ফেঞ্চুগঞ্জ উপজেলার উন্নয়নে সকলকে আন্তরিকভাবে কাজ করার আহ্বান জানান। তিনি ২০২২-২৩ অর্থ বছরের উপজেলা বার্ষিক উন্নয়ন প্রকল্প দ্রুত গ্রহণ করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। তিনি আরো জানান যে, উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ও উপজেলা পরিষদ রাজস্ব তহবিল নির্দেশিকা অনুসরণ করে এবং সংশ্লিষ্ট আইন/বিধিমালা/নীতিমালা অনুসারে স্বচ্ছতার মাধ্যমে উপজেলা পরিষদের কার্যক্রম বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান। তিনি বর্তমান সরকারের উন্নয়নের ধারাকে গতিশীল রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। তিনি সকলকে অবগত করেন যে, বর্তমানে সারাবিশ্বে বিদ্যুৎ সংকটের কারনে লোডশেডিং হচ্ছে তাই প্রয়োজন ব্যতিত বিদ্যুৎ অপচয় না করার জন্য অনুরোধ করেন।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ নূরুল ইসলাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ফেঞ্চুগঞ্জ, সিলেট
০১৭১১-৮৬৬৭৯২
E-mail: upazilaparishadfenchu1990@gmail

**পরিশিষ্ট 'ক'**

<u>সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে)</u> ঃ

| ক্রমিক নং | নাম ও পদবি |
|---|---|
| ০১ | জনাব মোঃ জাহিরুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ |
| ০২ | জনাব মোছাঃ মোহিনী বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ |
| ০৩ | জনাব মোঃ বদরুদোজ্জা, চেয়ারম্যান, ১নং ফেঞ্চুগঞ্জ ইউপি, ফেঞ্চুগঞ্জ |
| ০৪ | জনাব সুফিয়ানুল করিম চৌধুরী, চেয়ারম্যান, ২নং মাইজগাঁও ইউপি, ফেঞ্চুগঞ্জ |
| ০৫ | জনাব লেইচ চৌধুরী, চেয়ারম্যান, ৩নং ঘিলাছড়া, ইউপি, ফেঞ্চুগঞ্জ |
| ০৬ | জনাব আহমদ জিলু, চেয়ারম্যান, ৪নং উত্তর কুশিয়ারা, ইউপি |
| ০৭ | জনাব এমরান উদ্দিন, চেয়ারম্যান, ৫নং উত্তর ফেঞ্চুগঞ্জ ইউপি, ফেঞ্চুগঞ্জ |

<u>সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে)</u> ঃ

| ক্রমিক নং | নাম ও পদবি |
|---|---|
| ০১ | জনাব সীমা শারমিন, উপজেলা নির্বাহী অফিসার, ফেঞ্চুগঞ্জ |
| ০২ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জনাব আব্দুল মুকিত, সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্ত ফেঞ্চুগঞ্জ |
| ০৩ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তার প্রতিনিধি ডা. জামিল আহমদ, ফেঞ্চুগঞ্জ |
| ০৪ | জনাব সুদর্শন সরকার, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ফেঞ্চুগঞ্জ |
| ০৫ | জনাব মোঃ আবু ছাইদ মিয়া, উপজেলা সমাজসেবা অফিসার, ফেঞ্চুগঞ্জ |
| ০৬ | জনাব মোঃ শফিক উদ্দিন, উপজেলা শিক্ষা অফিসার, ফেঞ্চুগঞ্জ |
| ০৭ | জনাব সৈয়দ নুরুল হুদা, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফেঞ্চুগঞ্জ |
| ০৮ | জনাব মোঃ আব্দুল মুমিন, উপজেলা মৎস্য কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| ০৯ | জনাব আব্দুল্লাহ মোঃ সাইদুর রহমান শামীম, উপজেলা সমবায় কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| ১০ | জনাব কাজী রিয়েল, সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফেঞ্চুগঞ্জ |
| ১১ | জনাব মিজানুর রহমান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| ১২ | জনাব মোঃ ইকবাল হোসেন, পল্লী সঞ্চয় ব্যাংক, ফেঞ্চুগঞ্জ |
| ১৩ | জনাব নিজামুল হক, উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| ১৪ | জনাব রুবিনা আক্তার, তথ্যসেবা কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |

<u>অনুপস্থিত অফিসারের তালিকা</u> ঃ

| ক্রমিক নং | নাম ও পদবি |
|---|---|
| ০১ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| ০২ | উপজেলা কৃষি অফিসার, ফেঞ্চুগঞ্জ |
| ০৩ | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারি |
| ০৪ | জনাব রাখী রানী দে, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফেঞ্চুগঞ্জ |
| ০৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |

স্মারক নং ঃ উপকা/ফেঞ্চু/২০২২-২১৬ তারিখ ঃ ১৫-০৯-২০২২খ্রি.

অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল

০১. মাননীয় সংসদ সদস্য ও উপদেষ্টা, ২৩১, সিলেট-৩
০২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
০৪. পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
০৫. জেলা প্রশাসক, সিলেট
০৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশা.সকের কার্যালয়, সিলেট
০৭. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট
০৮. উপজেলা............................................ অফিসার, ফেঞ্চুগঞ্জ, সিলেট
০৯. চেয়ারম্যান/ ফেঞ্চুগঞ্জ/মাইজগাঁও/ ঘিলাছড়া/ উত্তর কুশিয়ারা/ উত্তর ফেঞ্চুগঞ্জ ইউনিয়ন পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট
১০. জনাব ..............................................., সংরক্ষিত আসনের মহিলা সদস্য, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট

১৫/৯/22

সীমা শারমিন
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
ফেঞ্চুগঞ্জ, সিলেট
☏০২৯৯-৬৬৪৬৭০২
০১৭৩০৩৩১০৩৪